

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬- ১৪৮


তারিখ : ২৯ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৮ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে জরুরি ব্যবস্থা গ্রহণ।
সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্র নং ৩৭.০০.০০০০.০৭১.০৮.০১২.১৬-১০৭ তারিখ: ২৫ জানুয়ারি, ২০১৮।

গত ০১ ফেব্রুয়ারি, ২০১৮ তারিখ হতে সারাদেশে একযোগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.), দাখিল, এস.এস.সি. (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) পরীক্ষা শুরু হয়েছে। সূত্রোক্ত স্মারকের পরিপত্রের মাধ্যমে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীকে আবশ্যিকভাবে পরীক্ষার হলে প্রবেশ করে আসন গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বর্ণিত সময়ের পরেও কিছু কিছু কেন্দ্রে পরীক্ষার্থীরা প্রবেশ করছে। এছাড়া পরীক্ষা কেন্দ্রের আশেপাশে অনেকেই স্মার্টফোন নিয়ে ঘোরাফেরা করছে।

২। বর্ণিতাবস্থায়, প্রশ্ন ফাঁস রোধ করে ও প্রশ্ন ফাঁসের গুজবমুক্ত সুষ্ঠু পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়ে জরুরি ভিত্তিতে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে সকল পরীক্ষার্থীর আবশ্যিকভাবে পরীক্ষার হলে প্রবেশ ও আসন গ্রহণ নিশ্চিত করা, উক্ত সময়ের পরে কোন পরীক্ষার্থীকে কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া যাবে না;
খ) পরীক্ষা কেন্দ্রের ২০০ মিটারের মধ্যে কিংবা পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে মোবাইল ফোনসহ কাউকে পাওয়া গেলে তাকে তৎক্ষণাত্ গ্রেপ্তার করে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।


২১/০২/২০১৮
(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)

উপসচিব

ফোন : ৯৫৭৬৭৮০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/বরিশাল/ সিলেট/ দিনাজপুর/ ময়মনসিংহ/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।

অনুলিপি সদয় অবগতি/ কার্যার্থে প্রেরণ করা হলো:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ]।
৫. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।

//
(আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন)
উপসচিব